মঙ্গলবার সন্ধ্যায় আসানসোলের শতাব্দী শিশু উদ্যানটি সংস্কারের পর নবরূপে উদ্বোধন হয়ে গেল। এই শিশু উদ্যানটি উদ্বোধন করেন সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী বাবুল সুপ্রিয়ো। উপস্থিত ছিলেন আরও বিশিষ্ট মানুষজন।

পাঁচশো বছরের পুরনো ঐতিহ্যশালী কাটোয়ায় কাঁথেশবরী দেবীর পুজো

নিজস্ব সংবাদদাতা, কাটোয়া ঃ দেবী দুর্গার কত রকম যে নাম রয়েছে তা আমরা অনেকেই জানি না। আবার দেবী দুর্গার রূপও বিবিধ। কখনও তিনি দুই হাতের, কখনও বা চার হাতের আবার কখনও দশহাতের। তবে এই মাদুর্গার পুজোয় সবথেকে লক্ষণীয় বৈশিষ্ট হচ্ছে এখানে মা আসেন জয়া আর বিজয়াকে নিয়ে। থাকেন না লক্ষ্মী, গণেশ, সরস্বতী এবং কার্তিক। অভিনব এই দুর্গাপুজো দেখতে মানুষের ঢল নামে প্রায় প্রতিদিন। কাটোয়ায় কাঁথেশবরী নামে এই দুর্গা পুজোর এলাকা জুড়ে নাম ছড়িয়ে রয়েছে। নামকরণের মধ্যেই যেন রয়েছে রহস্যঘেরা এক কাহিনী। জানা গিয়েছে, আজ থেকে সাতশো বছর আগে দুর্গাকে চুরি করতে এসেছিল তৎকালীন দস্যুরা। মা দুর্গাকে বাঁচাতে বাড়ির সদস্যরা তাঁকে বাড়ির দেওয়ালের ভিতর খুব চুপিসাড়ে লুকিয়ে রেখেছিলেন। যাতে দস্যুরা কোনও ভাবেই মাকে চুরি করে নিয়ে যেতে না পারে। সেই যাত্রায় রক্ষা পেয়েছিলেন মা। তারপর থেকেই সেই দুর্গা আজ কাঁথেশবরী নামে পরিচিত। কথিত যে, কাঁখ শব্দের অর্থ দেওয়াল। দেওয়ালের ভিতরে দুর্গাকে লুকিয়ে রাখা হয়েছিল বলেই এই দুর্গাদেবীকে এলাকার মানুষ কাঁথেশবরী নামেই চেনেন। এই দুর্গাপুজো ঘিরে রয়েছে নানান কাহিনী। ইতিমধ্যেই পুজোর প্রস্তুতি প্রায় শেষ পর্যায়। জানা গিয়েছে, এই দুর্গাপুজোয় আগে মহিষবলি হত। এখন মোষের পরিবর্তে ছাগবলি হয়ে থাকে। পুজো দেখতে দূরদূরান্ত থেকে বহু মানুষের সমাগম ঘটে। বাড়ির কর্তা দীপক মজুমদার জানিয়েছেন, এখানে প্রচলিত দুর্গাকে পুজা করা হয় না। দুর্গা এখানে অন্যরূপে অধিষ্ঠিত। দুর্গার বাঁ হাতে উদ্যত খড়্গ আর ডান হাত প্রসারিত, দুই পাশে জয়া আর বিজয়া। থাকে না মহিষাসুরও। তিনি আরও জানান, কাঁথেশবরীকে এখানে নিত্য পুজো করা হয়। চারদিন ধরে এইসময় ধুধাম করে পুজো হয়। সপ্তমীর দিন বালক ভোজন করানো হয়। এখানে নানান ধরণের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। এই পুজোকে ঘিরে এলাকাবাসীদের মধ্যে আবেগ রয়েছে।

কালনায় সুপারভাইজারদের নিয়ে বৈঠক

নিজস্ব সংবাদদাতা, কালনা ঃ বুধবার কালনা ২নং ব্লকের বৈদ্যপুর পঞ্চায়েতের সুপারভাইজার ও কর্মীদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে উপস্থিত ছিলেন বিডিও মিলন দেবগড়িয়া, পঞ্চায়েত সমিতির সভাপতি নীলিমা কুপটি। এছাড়াও উপস্থিত ছিলেন একশো দিনের কাজের সুপারভাইজার এবং পঞ্চায়েত কর্মীরা। এই প্রসঙ্গে দেবগোড়িয়াবাবু বলেন, ইতিমধ্যে বৈদ্যপুর গ্রাম পঞ্চায়েত রাজ্যের সেরা পঞ্চায়েতের শিরোপা পেয়েছে। ব্লকের সবকটি গ্রাম পঞ্চায়েতের উন্নয়নে জেলার ক্ষেত্রে যথেষ্ট ভালো কাজ করেছে এই ব্লক প্রশাসন। তবে আগামী দিনে উন্নয়নের ধারা অব্যাহত রাখার কথাও তিনি জানান। পাশাপাশি কর্মসংস্থান মুখী উন্নয়নের ক্ষেত্রেও তিনি জোর দিয়েছেন। পঞ্চায়েত সমিতির সভাপতি নীলিমাদেবী বলেন, যে সমস্ত কাজ এখনও হয়নি, সেইসব কাজের ক্ষেত্রে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ শেষ করা হবে।

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ গুজরাতের কংগ্রেস বিধায়ক অল্পেশ ঠাকুরের কুশপুতুল দাহ করা হল দুর্গাপুরের পানাগড় বাজারে। বুধবার পানাগড়ের রণডিহা মোড়ের কাছে পুরানো ২নং জাতীয় সড়কে একটি মিছিল করে রাস্তা অবরোধ ক'রে গুজরাতের কংগ্রেস বিধায়ক অল্পেশ ঠাকুরের কুশপুল দাহ করেন বিজেপি কর্মীরা। এই প্রসঙ্গে বিজেপি নেতা রমন শর্মা বলেন, গুজরাতে হিন্দি ভাষাভাষীদের বিরুদ্ধে চক্রান্ত করছে তৃণমূল কংগ্রেস সুপ্রিমো তথা মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ বিধায়ক অল্পেশ ঠাকুর। বেছে বেছে উত্তরপ্রদেশ ও বিহারের হিন্দিভাষীদের তাড়াচ্ছে তারা। বেছে বেছে যাদের তাড়ানো হচ্ছে তারা বেশিরভাগই ওবিসি সম্প্রদায়ের। অল্পেশ ঠাকুর রাহুলের প্রিয় লোক। তাই গুজরাতের ঘটনার পিছনে গভীর ষড়যন্ত্র দেখছেন বিজেপি নেতারা। তাই এদিন কুশপুতুল দাহ করেন তাঁরা।

জেমো আবারও আশাবাদী তাদের প্রতিমাই হবে সেরা

নিজস্ব সংবাদদাতা, কান্দি ঃ অতীতের থেকে শিক্ষা নিয়ে এবারও মুর্শিদাবাদের কান্দির জেমো ইন্দ্রতলার দুর্গাপুজোয় প্রতিমা নিরঞ্জনের জন্য নেওয়া হবে বিশেষ ব্যবস্থা। মৃণ্ময়ী রূপের প্রতিমা, পুজোর চারদিন ধরে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুজোর নবমীর দিন সকলের জন্য মায়ের প্রসাদের ব্যবস্থা এবং লক্ষ্মী পুজোর পর দিন পুজোর খরচ বাঁচিয়ে এলাকার বাসিন্দাদের নিয়ে মহোৎসব, এসকলই হচ্ছে এবারের কান্দির জেমো ইন্দ্রতলার দুর্গাপুজোয়। বিগত বছরগুলির মতো সুন্দর প্রতিমা গড়ে কান্দির মানুষের হৃদয় জয়ের পাশাপাশি প্রতিযোগিতায় শ্রেষ্ঠ প্রতিমার শিরোপা নেবে জেমো ইন্দ্রতলার দুর্গাপুজো কমিটি, এমনটাই লক্ষ্য এই কমিটির সদস্যদের। তবে সেটা পরের কথা। বর্তমানে বহরমপুরের প্রতিমাশিল্পী অসীম পাল যেমন ব্যস্ত কান্দিতে নিজের নাম উজ্জ্বল

করতে, তেমনই ব্যস্ত মণ্ডপ সাজাতে এলাকারই বাসিন্দারা। মুর্শিদাবাদের কান্দি পুর এলাকার জেমোতে অবস্থিত জেমো ইন্দ্রতলা দুর্গাপুজো কমিটি। এবারে এই পুজো ৮৪ বছরে পা দিল। এরআগে ৮১তম বছরে কান্দির জেমোর এই পুজোয় সুন্দর প্রতিমার জন্য কান্দিতে প্রথম স্থান পায়। কিন্তু প্রতিমা নিরঞ্জনের সময় কান্দির বিজয়নগরে বিদ্যুতের তারে প্রতিমা লেগে ভস্মীভূত হয় প্রতিমা। কান্দির ও জেমোর বাসিন্দাদের মুখ শুকিয়ে যায়। ফের ওই বছরেই চৈত্র মাসে ইন্দ্রতলায় করা হয় মায়ের ঘট পুজো। সেদিনের সেই প্রতিমা পুড়ে যাওয়ার স্মৃতি আজও মনে পড়ে কান্দিবাসীদের। জেমো ইন্দ্রতলা পুজো কমিটির সভাপতি সুমন কল্যান মিশ্রের কথায়, প্রতিমা পুড়ে যাওয়ায় আমরা মনে খুব আঘাত পেয়েছিলাম। তারপর থেকেই আমরা সতর্কতা অবলম্বন করেছি। এবারও আমরা সতর্ক রয়েছি। প্রতিমার উচ্চতা কম করা হয়েছে। বিদ্যুৎ দফতরের কর্মীদের সাহায্য নিয়ে এলাকার বিদ্যুৎ বন্ধ করে প্রতিমা নিরঞ্জন করা হবে। পুজো কমিটির সম্পাদকপ্রণব হালদার জানিয়েছেন, এবারও আমরা কান্দিতে প্রতিমায় প্রথম হব আশাবাখি। এবারের প্রতিমা হচ্ছে মৃণ্ময়ী রূপে। বাজেট প্রায় চার লক্ষ টাকা। সবই এলাকাদের বাসিন্দাদের সাহায্যে হয়েছে। পুজোর খরচ বাঁচিয়ে এলাকার বাসিন্দাদের নিয়ে হবে মহোৎসব। আমরা চাই সমগ্র মুর্শিদাবাদের মানুষ এই উৎসবে আনন্দ ও উচ্ছ্বাসে মেতে উঠবেন। কান্দির বাসিন্দাদের কাছে আমাদের একান্ত অনুরোধ, আমাদের প্রতিমা তাঁরা যেন অবশ্যই দেখতে আসেন।

পাঁচশো বছরের চালিকাটা বুড়ির পুজো আজও অদ্বিতীয়

নিজস্ব সংবাদদাতা, কান্দি ঃ একটা সময় ছিল যখন হাতি শালে হাতি এবং ঘোড়াশালে ঘোড়া থাকত। দুর্গাপুজোয় নদীপথে নৌকায় করে আসত ইলিশ এবং ঝিচুড়ির জন্য আতপচাল। এখন সবই অতীত। কিন্তু তা বললে কী হবে, আজও মুর্শিদাবাদের কান্দি মহকুমার খড়গ্রাম থানার বালিয়া গ্রামের বুড়িমা'র দুর্গাপুজো পুরাতন রীতি নীতি ও প্রথা মেনে আজও হয়ে আসছে। বর্তমানে এই পুজোর জৌলুষ কিছুটা কমলেও প্রায় পাঁচশো বছর আগেকার জমিদার সূর্যনারায়ণ সিংহের প্রতিষ্ঠা করা পুজো আজও এলাকায় অদ্বিতীয়। আজও এলাকায় চালিকাটা বুড়ি নামে বেশি পরিচিত খড়গ্রামের বালিয়ার এই বুড়িমা দুর্গাপুজো। বালিয়া বুড়ি মা দুর্গাপুজোর উদ্যোক্তা পরিবারের সদস্য প্রদীপ্ত সিংহ জানান, প্রায় পাঁচশো বছরের উপর এই পুজো হয়ে আসছে এলাকায়। একটা সময় ছিল, যখন এই এলাকার জমিদার ছিলেন সূর্যনারায়ণ সিংহ। উনি এলাকার প্রজাদের আবেদন মেনে এই পুজোর সূচনা করেন। পরে একটা সময় এই পুজোর সিংহ পরিবারের সাথে দৌহীত্র সূত্রে পুজো শুরু করেন ঘোষ পরিবারও। সূর্যনারায়ণ সিংহ এই পুজোকে অর্ধেক চালি পুজো নামে এলাকায় প্রচলিত করলেও একটা সময় বর্গীর হামলায় এই পুজোর প্রতিমার অর্ধেক চালি কেটে নিয়ে যান বর্গীরা। তখন থেকেই এই পুজো চালিকাটা বুড়ির পুজো নামে বেশি পরিচিত। সাত পুতলা এক চালির এই পুজোয় একটা সময় মহিষ বলিদান ছাড়াও ছাগ বলিদানের প্রচলন থাকলেও এখন শুধু সন্ধির দিন ও নবমী পুজোর দিন দুটি ছাগবলি হয়। বন্ধ হয়েছে মহিষবলিদান। এছাড়া পুরনো রীতি নীতি মেনে এই পুজো করা হয় অত্যন্ত নিষ্ঠার সঙ্গে। পুজো শেষে বিসর্জনের পর অপরাজিতার পুজো আজও করা হয়। এবারও পুজোর আয়োজন প্রায় শেষ।

৫৫ টাকায় পেট্রোল, তারকেশ্বরের পাম্পে ভীড় সামলাতে হিমশিম

সুভাষ মজুমদার, তারকেশ্বর ঃ তেলের দামবৃদ্ধি নিয়ে নাভিশ্বাস উঠছে সাধারণ মানুষের, সেইসময় দিশা দেখাচ্ছে ব্যাঙ্গালরের তৈরি একটি ইউ পি আই এপ্প। যথার্থ ডিজিট্যাল ইন্ডিয়ার সুফল পাচ্ছেন সাধারণ মানুষ। এই অ্যাপের মাধ্যমে একশো টাকার পেট্রোল কিনলে ৪০.৭৫টাকা ফেরৎ আসছে ক্রেতার মোবাইল ওয়ালেটে। লিটার প্রতি পেট্রোলের দাম এখন ৮৬ টাকা ছাড়িয়েছে। একশো টাকা প্রায় ছুঁই ছুঁই। এই অ্যাপের মাধ্যমে কম পয়সায় তেল কিনে উপকৃত হচ্ছেন সাধারণ মানুষ। এতে লিটার পিছু পেট্রোলের দাম দাঁড়াচ্ছে প্রায় ৫৫ টাকার কাছাকাছি। মঙ্গলবার থেকে হুগলির তারকেশ্বরে একটি পেট্রোল পাম্পে এই সুবিধা পাওয়া যাচ্ছে। প্রতিদিন ন্যূনতম একশো টাকার তেল কেনা যাচ্ছে। জানা গিয়েছে, অ্যানড্রয়েড মোবাইলের প্লেস্টোর থেকে এই অ্যাপটি ডাউনলোড করে ইন্সটল করতে হবে। অথবা শেয়ারের মাধ্যমেও এই অ্যাপটি ব্যবহার করা যাবে। যিনি এটিকে শেয়ার করাবেন তিনি পেয়ে যাবেন একশো টাকার গিফট ভাউচার। যেটা দিয়ে পেট্রোল কেনা যাবে। এই প্রসঙ্গে তারকেশ্বর শাখার ইন্ডিয়ান ওয়েলের ম্যানেজার পার্থ সোনাই বলেন, একশো টাকায় ৪০ টাকা ক্যাশব্যাক দিচ্ছে একটি ইউ পি আই অ্যাপ্স। সব পাম্পে এই সুবিধা এখন নেই। এই বাজারে ক্রেতারা এতে করে উপকৃত হচ্ছেন। সারাদিনে প্রায় হাজারের অধিক ক্রেতা আসছেন তেল নিতে। পাম্পে তেল নিতে আসা এক ক্রেতা বলেন, পুজোর সময় চুটিয়ে ঘোরা যাবে বাইক নিয়ে। এই দুর্মুল্যের বাজারে সস্তায় তেল পাচ্ছি। বাইকযুল ট্যাঙ্ক করছি একশো টাকা করে প্রতিদিন তেল ভরে। আর ক্রেতা আসন্তোষ প্রকাশ করে বলেন, প্রতিদিন মাত্র একশো টাকা না রেখে এটা যদি দুশো টাকা হতো তাহলে আরও ভালো হত। এই অফার ৩১ ডিসেম্বর পর্যন্ত চলবে বলে জানা গেছে। এই প্রসঙ্গে পেট্রোলপাম্পের এক কর্মী বলেন, কম পয়সায় তেল পাওয়ার খবর ছড়িয়ে পড়তেই সকাল থেকেই বহু মানুষ ভীড় জমাতে শুরু করেছেন। পুজোর মুখে এটা একটা বাড়তি পাওনা ক্রেতাদের, কিন্তু সামলাতে হিমশিম খেতে হচ্ছে আমাদের।

নার্সিং কোর্স নিয়ে চিন্তিত ?
ছেলে ও মেয়ে উভয়ের জন্য
Direct Nursing Admission – 2018
(Recognized by I.N.C/K.N.C/R.G.U.H.S, Bangalore)
Educational Qualification : 10th/12th Pass
(Arts/Science/Vocational/Commerce)
• G.N.M : 3 Years
• B. Sc. : 4 Years
Admission Contact :-
8073172973

SEX সমস্যায় হারবাল চিকিৎসা
মহিলা ও পুরুষের স্বাস্থ্য সমস্যা, চেহারায় লাবণ্য, চুল পড়ার সমস্যা (১৪ দিনে গ্যারেন্টিসহ পরিবর্তন)।
ডাঃ এন.কে.রায় মোঃ- 9433276106
মদ ছাড়ানোর ঔষধ পাইকারী দামে পাওয়া যায়। গোপনে মদের নেশা ছাড়ান (১০ দিনে পরিবর্তন)
কলিকাতা (দমদম), আরামবাগ, উদয়নারায়ণপুর, হেড়িয়া, শ্যামপুর।
যোগাযোগ ঃ- 9433156731, 7501330207